



দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম

(ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং – ২০৪৭৪/৯২ এন.এফ.এফ.
অনুমোদিত

প্রধান কার্যালয় – ২০/৪ শিল লেন, কলকাতা – ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স – ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-
মেল : dmfwestbengal@gmail.com

বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী ও গৃহীত সিদ্ধান্ত

তাং- ১৫-১৬ মার্চ ২০১৬

স্থান- ডায়মন্ড হারবার পৌরসভা হল, দঃ ২৪ পরগণা।

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরামের বার্ষিক সাধারণ সভা ১৫-১৬ মার্চ ২০১৬-এই দুই দিন ধরে ডায়মন্ড হারবার পৌরসভা হল-এ অনুষ্ঠিত হল। ১৫ ই মার্চ ২০১৬ তারিখে বেলা ১০ টায় সভার শুরুতে ফোরামের সভাপতি শ্রী প্রদীপ চ্যাটার্জী মহাশয় ফোরামের পতাকা উত্তোলন করেন। এরপর তিনি সভায় সভাপতির আসন গ্রহণ করেন এবং সভার কাজ আরম্ভ হয়। এরপর সভার সভাপতির নির্দেশানুসারে ফোরামের সাধারণ সম্পাদক শ্রী দেবাশিস শ্যামল মহাশয় গত বার্ষিক সভার কার্যবিবরণী ও সভায় গৃহীত সিদ্ধান্ত পাঠা করে শোনান এবং তা সভায় উপস্থিত সকলের দ্বারা হাত তুলে সমর্থিত ও অনুমোদিত হয়। এরপর তিনি ফোরামের ২০১৫ সালের বার্ষিক সম্পাদকীয় প্রতিবেদন ও আয়ব্যয়ের হিসাব পাঠ করে শোনান। এরপর ফোরামের বিভিন্ন স্তরের শাখা সংগঠনগুলি তাদের বার্ষিক প্রতিবেদন পাঠ করে শোনান। এবং প্রথম দিনের অধিবেশন সমাপ্ত হয়।

পরদিন ১৬ মার্চ ২০১৬ তারিখ সকাল ১০ টায় দ্বিতীয় দিনের অধিবেশন শুরু হয়। প্রথমে ফোরামের সম্পাদকীয় প্রতিবেদন ও আয় ব্যয়ের হিসাব-এর উপর দীর্ঘ আলোচনা হয়। এবং সম্পাদকীয় প্রতিবেদন ও আয় ব্যয়ের হিসাব নানা সংশোধন, সংযোজন ও বিয়োজনের পর সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। এরপর আলাপআলোচনার মাধ্যমে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হয়।—

১। সাধারণ সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হল যে, দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরামের উপবিধির ২ এবং ৮ বি (১) এই দুটি বিধান (রুলস)



দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম

(ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং – ২০৪৭৪/৯২ এন.এফ.এফ.
অনুমোদিত

প্রধান কার্যালয় – ২০/৪ শিল লেন, কলকাতা – ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স – ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-

মেল : dmfwestbengal@gmail.com

সংশোধন করা হবে। ক) সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হল যে, দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরামের নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা কাকদ্বীপ, পোস্ট-কাকদ্বীপ, জেলা- দঃ ২৪ পরগণা থেকে পরিবর্তে ২০/৪ শিল লেন, কোলকাতা- ৭০০০১৫ হবে। খ) সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হল যে, ফোরামের কার্যকারি কমিটিতে সহসভাপতি ১ জনের পরিবর্তে ৩ জন এবং সহসম্পাদক ১ জনের পরিবর্তে ৩ জন করা হবে। এইসঙ্গে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হল যে, শ্রী প্রদীপ চ্যাটার্জী, শ্রী মিলন দাস, শ্রী গোবিন্দ দাস, শ্রী দেবশিস শ্যামাল ও শ্রী আশ্বিনী হোসেন উপবিধি সংশোধনের বিষয়ে বিভিন্ন নথিপত্রে স্বাক্ষর করবেন এবং নিবন্ধকের পরামর্শ অনুযায়ী প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করবেন।

২। সাধারণ সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হল যে, দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম সরকারের কাছে নিম্নলিখিত দাবীগুলি জানাবে এবং দাবিপূরণ না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাবে।-

ক) খোঁটির ব্যবহৃত ভূমির উপর খাটি মৎস্যজীবীদের সমষ্টিগত অধিকার দিতে হবে।

খ) সামুদ্রিক মৎস্যসম্পদ আহরণে ক্ষুদ্র মৎস্যজীবীদের অগ্রাধিকার দিতে হবে।

গ) সুন্দরবনের সংরক্ষিত এলাকার নদী-খাঁড়িগুলিতে মাছ ধরার অধিকার দিতে হবে এবং এফ.আর.এ কার্যকারি করতে হবে।

ঘ) পুকুরভিত্তিক ক্ষুদ্র মাছ চাষীদের পুকুর পাওয়ার নিরাপত্তার ব্যবস্থা করতে হবে।

ঙ) মৎস্যসম্পদের উপর শুকুনি-বাছুনিদের অধিকার দিতে হবে।



দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম

(ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং – ২০৪৭৪/৯২ এন.এফ.এফ.
অনুমোদিত

প্রধান কার্যালয় – ২০/৪ শিল লেন, কলকাতা – ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স – ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-

মেল : dmfwestbengal@gmail.com

চ) মহিলা মৎস্যজীবীদের ক্ষমতায়নের জন্য উপযুক্ত স্কিম ও নীতি গ্রহণ করতে হবে।

ছ) জম্মুদ্বীপে মৎস্যজীবীদের কাজের অধিকার পুনঃপ্রতিষ্ঠিত করতে হবে।

জ) মৎস্যজীবীদের জন্য সরকারি নীতি তৈরির ক্ষেত্রে লিঙ্গ-সাম্য ও লিঙ্গ-সমতা বজায় রাখতে হবে।

ঝ) ক্ষুদ্র মৎস্য ভেঙরদের অধিকার ও স্বত্বাধিকারের স্বীকৃতি দিতে হবে।

৩। সাধারণ সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হল যে, ক) মহিলা মৎস্যজীবীদের সমস্যা বোঝার জন্য কর্মশালা আয়োজিত হবে। খ) আভ্যন্তরীণ মৎস্যজীবীদের জন্য কেন জাতীয় নীতি প্রয়োজন সেব্যাপারে একটি কর্মশালা হবে। এবং গ) সামুদ্রিক মৎস্যসম্পদ আহরণে ক্ষুদ্র মৎস্যজীবীদের অগ্রাধিকা, ধবংসাত্মক মৎস্যশিকার নিষিদ্ধ ও যান্ত্রিক মৎস্যশিকার নিয়ন্ত্রণ বিষয়ে একটি কর্মশালা হবে।

৪। সাধারণ সভায় সর্বসম্মতিক্রমে ফোরামের নিম্নলিখিত নতুন কার্যকারি কমিটি গঠিত হয়।

ক্রঃ নং	নাম	পদ
১	শ্রী প্রদীপ চ্যাটার্জী	সভাপতি
২	শ্রী গোবিন্দ দাস	সহ-সভাপতি
৩	শ্রী দেবাশিস শ্যামল	সহ-সভাপতি
৪	শ্রীমতী রত্না মাঝি	সহ-সভাপতি
৫	শ্রী মিলন দাস	সাধারণ সম্পাদক



দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম

(ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ.
অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-

মেল : dmfwestbengal@gmail.com

৬	শ্রী বিধান চন্দ্র দে	সহ- সম্পাদক
৭	শ্রী চঞ্চল রায়	সহ- সম্পাদক
৮	শ্রী আশ্বিনী হোসেন	সহ- সম্পাদক
৯	শ্রী সুজয় কৃষ্ণ জানা	কোষাধ্যক্ষ
১০	শ্রী সুরজিৎ মাইতি	সদস্য
১১	শ্রীমতী আরতি সামন্ত	সদস্য
১২	শ্রী অর্জুন মণ্ডল	সদস্য
১৩	শ্রী রমেশ দলুই	সদস্য
১৪	শ্রী নন্দদুলাল জানা	সদস্য
১৫	শ্রী বাদল মাইতি	সদস্য
১৬	শ্রী সর্বেশ্বর খাঁড়া	সদস্য
১৭	শ্রী আব্দার মল্লিক	সদস্য
১৮	শ্রীমতী অঞ্জলী বর	সদস্য
১৯	শ্রী অচিন্ত্য প্রামাণিক	সদস্য
২০	শ্রী হিমাংশু মণ্ডল	সদস্য
২১	শ্রী শিবশঙ্কর দাস	সদস্য

এরপর ফোরামের সদ্য নির্বাচিত নতুন কার্যকারি কমিটি

আনুষ্ঠানিকভাবে ফোরামের দায়িত্বভার গ্রহণ করে। এবং আর কোন আলোচ্য বিষয় না থাকায় ফোরামের সভাপতি সুষ্ঠুভাবে সভা চলার জন্য সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে সভার কাজ সমাপ্ত করেন।



দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম

(ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং – ২০৪৭৪/৯২ এন.এফ.এফ.
অনুমোদিত

প্রধান কার্যালয় – ২০/৪ শিল লেন, কলকাতা – ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স – ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-

মেল : dmfwestbengal@gmail.com

শ্রী প্রদীপ চ্যাটার্জী
সভাপতি